- গ. শিক্ষকের উল্লিখিত প্রথম কথাটি হলো : পরাগরেণুর মাধ্যমে পরাগায়ন সংঘটিত হয়। পরাগরেণু হলো পরাগধানীতে থাকা হলুদ বা কমলা রঙের গুঁড়ো গুঁড়ো কণা। এ পরাগরেণুর মাধ্যমেই সংঘটিত হয় উদ্ভিদ প্রজননের প্রথম ধাপ পরাগায়ন। ফুলের পরাগধানী হতে পরাগরেণুর একই ফুলে অথবা একই জাতের অন্য ফুলের গর্ভমুণ্ডে স্থানান্তরিত হওয়াকে পরাগায়ন বলে। পরাগরেণু স্থানান্তরের কাজটি অধিকাংশ ক্ষেত্রে কোনো না কোনো মাধ্যমের দ্বারা হয়ে থাকে। বায়ু, পানি, কীটপতঙ্গ, পাখি, বাদুড়, শামুক এমনকি মানুষ এ ধরনের মাধ্যম হিসেবে কাজ করে থাকে। মধু খেতে অথবা সুন্দর রঙের আকর্ষণে পতঙ্গ বা পাখি ফুলে ঘুরে ঘুরে বেড়ায়। এ সময়ে পরাগরেণু বাহকের গায়ে লেগে যায়। এ বাহকটি একই প্রজাতির অন্য ফুলে গিয়ে বসলে পরাগরেণু পরবর্তী ফুলের গর্ভমুণ্ডে লেগে যায়। এভাবে পরাগায়নের কাজটি হয়ে যায়। অতএব, উপরিউক্ত আলোচনা ব্যাখ্যা করে দেখা যায়, পরাগরেণু ও পরাগায়ন সম্পর্কিত শিক্ষকের প্রথম কথাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।
- ঘ. উদ্ভীপকে মিতুর শিক্ষক পরাগায়নের জন্য ফুলের গঠনের বিভিন্ন পরিবর্তন বা অভিযোজনের কথা বলেছেন। পরাগায়নের মাধ্যমগুলোর সাহায্য পেতে ফুলের গঠনে কিছু পরিবর্তন লক্ষ করা যায়। একে অভিযোজন বলা হয়। শিক্ষকের কথার আলোকে নিচে বিভিন্ন প্রকার পরাগায় ফুলের অভিযোজনের প্রকারভেদ আলোচনা করা হলো।


**পতঙ্গপরাগী ফুল :** ফুল বড়, রঙিন, মধুগন্ধযুক্ত। পরাগরেণু ও গর্ভমুণ্ড আঁঠালো ও গন্ধযুক্ত, যেমন-জবা, কুমড়া, সরিষা ইত্যাদি।

**বায়ুপরাগী ফুল :** ফুল বর্ণ, গন্ধ ও মধুহীন। পরাগরেণু হালকা, অসংখ্য ও আকারে ক্ষুদ্র। এদের গর্ভমুণ্ড আঁঠালো, শাখান্বিত, কখনো পালকের ন্যায়, যেমন- ধান, গম ইত্যাদি।

**পানিপরাগী ফুল :** এরা আকারে ক্ষুদ্র, হালকা এবং অসংখ্য। এরা সহজেই পানিতে ভাসতে পারে। এসব ফুলে সুগন্ধ নেই। স্ত্রীফুলের বৃত্ত লম্বা কিন্তু পুংফুলের বৃত্ত ছোট। পরিণত পুংফুল বৃত্ত থেকে খুলে পানিতে ভাসতে থাকে, যেমন-পাতাশ্যাওলা।

**প্রাণিপরাগী ফুল:** এসব ফুল মোটামুটি বড় ধরনের হয়। তবে ছোট হলে ফুলগুলো পুষ্পমঞ্জরীতে সজ্জিত থাকে। এদের রং আকর্ষণীয় হয়। এসব ফুলে গন্ধ থাকতে পারে বা নাও থাকতে পারে। যেমন- কদম, শিমুল, কচু ইত্যাদি।

প্রশ্ন -৫ ▶ নিচের উদ্ভীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. পরাগায়ন কী? ১
- খ. সম্পূর্ণ ফুল বলতে কী বুঝায়? ২
- গ. চিত্রে গুঁড়ো কীভাবে ডিম্বাণু তৈরি করে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. পরাগায়নের ক্ষেত্রে স ও হ এর ভূমিকা বিশ্লেষণ কর। ৪

▶▶ ৫নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. পরাগায়ন হলো ফুলের পরাগধানী হতে পরাগরেণুর একই ফুলে অথবা একই জাতের অন্য ফুলের গর্ভমুণ্ডে স্থানান্তরিত হওয়া।
- খ. যে ফুলের পাঁচটি স্তবকের সবগুলোই থাকে তাকে সম্পূর্ণ ফুল বলে। একটি ফুলের মোট পাঁচটি অংশ রয়েছে। যথা-পুষ্পাঙ্ক, বৃতি, দল বা পাপড়ি, পুংকেশর ও গর্ভকেশর। সবগুলো স্তবক থাকলে তাকে সম্পূর্ণ ফুল বোঝায়। যেমন-সরিষা, জবা, ধুতুরা ইত্যাদি।
- গ. চিত্রের গুঁড়ো হলো গর্ভাশয় বা ফুলের স্ত্রীস্তবক। গর্ভাশয়ের ভেতরে এক বা একাধিক ডিম্বক থাকে যার মধ্যে ডিম্বাণু বা স্ত্রীজনন কোষ সৃষ্টি হয়। নিচে ডিম্বাণু তৈরির প্রক্রিয়াটি ব্যাখ্যা করা হলো। গর্ভাশয়ের ডিম্বক রঞ্জের কাছাকাছি একটি কোষ সামান্য বড় হয়ে মিয়োসিস বিভাজনের মাধ্যমে চারটি (হ্যাপ্লয়েড) কোষ সৃষ্টি করে। সর্বনিম্ন কোষটি ছাড়া বাকি তিনটি কোষ নষ্ট হয় এবং বড় কোষটি বৃদ্ধি পেয়ে জগৎখলিতে পরিণত হয়। কোষটির নিউক্লিয়াস বিভাজিত হয়ে জগৎখলির দুই মেরুতে অবস্থান নেয়। এরা আবার পরপর দু'বার

বিভাজিত হয়ে চারটি করে নিউক্লিয়াস সৃষ্টি করে। এরপর দুই মেরু থেকে একটি করে নিউক্লিয়াস ঋণখলির কেন্দ্রস্থলে এসে পরস্পর মিলিত হয়ে ডিপ্লয়েড (২হ) গৌণ নিউক্লিয়াস সৃষ্টি করে। ডিম্বকরকের দিকের কোষ তিনটিকে একত্রে বলা হয় গর্ভযন্ত্র। এর মাঝের কোষটি বড়। একে ডিম্বাণু (উমম) ও অন্য কোষ দুটিকে সহকারী কোষ বলা হয়। এভাবে গর্ভাশয় ডিম্বাণু তৈরি করে। উপরিউক্তি প্রক্রিয়ায় ও ডিম্বাণু তৈরি করে।

ঘ. গ ও ঘ হলো ফুলের পাপড়ি বা দলমণ্ডল ও পরাগধানী। এ দুটি অংশেরই মূল কাজ হলো ফুলের পরাগায়নে সাহায্য করা। পরাগায়নে দলমণ্ডল ও পরাগধানীর ভূমিকা নিচে বিশ্লেষণ করা হলো।

**দলমণ্ডল :** এটি বাইরের দিক থেকে ফুলের দ্বিতীয় স্তবক। এটি বিভিন্ন রঙের হয়। রঙিন হওয়ায় এটি পোকামাকড় ও পশুপাখিকে আকর্ষণ করে। সুন্দর রঙের আকর্ষণে পতঙ্গ বা পাখি ফুলে ফুলে ঘুরে বেড়ায়। এ সময়ে পরাগরেণু সেসব প্রাণীর গায়ে লেগে যায়। এ বাহক প্রাণী যখন একই প্রজাতির অন্য ফুলে গিয়ে বসে তখন পরাগরেণু পরবর্তী ফুলের গর্ভমুণ্ডে লেগে যায়। এভাবে পরাগায়ন সম্পন্ন হয়।

**পরাগধানী :** ফুলের পুংস্তবক বা পুংকেশরের শীর্ষের খলির মতো অংশকে পরাগধানী বলে। পরাগধানীর মধ্যে পরাগরেণু উৎপন্ন হয়। পরাগরেণু বিভিন্ন রকমের হলে পরাগায়নের মাধ্যম বিভিন্ন হয়। যেমন- পতঙ্গপরাগী ফুলের পরাগরেণু আঁঠালো ও সুগন্ধযুক্ত হয়। এতে কীটপতঙ্গ ঐ পরাগরেণুর ঘ্রাণে আকৃষ্ট হয়ে ফুলের ওপর বসে এবং আঁঠালো পরাগরেণু তার গায়ে লেগে যায়। এ পতঙ্গই আবার একই জাতের অন্য একটি ফুলের পরাগরেণুর আকর্ষণে উঠে যায় এবং ঐ ফুলের উপর বসে তার গর্ভমুণ্ডে পরাগরেণু স্থানান্তরিত হয়। আবার বায়ুপরাগী ফুলের পরাগরেণু হালকা, অসংখ্য ও আকারে ক্ষুদ্র হয়। যাতে সহজেই বাতাসে ভেসে পরাগায়ন ঘটতে পারে।

অতএব উপরিউক্ত আলোচনা বিশ্লেষণ করে দেখা যায় যে, পরাগায়নের ক্ষেত্রে স ও হ বা দলমণ্ডল ও পরাগধানীর ভূমিকা অপরিসীম।

### প্রশ্ন -৬ ▶ নিচের উদ্ভিদপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

রিমি তার মামার বাড়ি বেড়াতে গিয়ে সরিষা ক্ষেত দেখে মামাকে জিজ্ঞাসা করল এগুলো কী ফুল? মামা বলল, সরিষা ফুল। রিমি ফুলগুলোতে নানা রকম কীটপতঙ্গের ঘুরে বেড়ানো দেখে মামার নিকট কীটপতঙ্গের ঘুরে বেড়ানোর কারণ জানতে চাইল, মামা বলল মধু খেতে ও সুন্দর রঙের আকর্ষণে কীটপতঙ্গ ফুলে ফুলে ঘুরে বেড়ায়।

- |  |   |
|--|---|
| ক. পরাগায়ন কাকে বলে?                        | ১ |
| খ. ফুলে বৃতির প্রয়োজন কেন?                  | ২ |
| গ. রিমির দেখা ফুলের অভিযোজন ব্যাখ্যা কর।     | ৩ |
| ঘ. ফল ও বীজ উৎপাদনে রিমির দেখা প্রক্রিয়াটির |   |




গুরুত্ব তুলে ধর।

### ▶ ৬নং প্রশ্নের উত্তর ▶

- ক. ফুলের পরাগধানী হতে পরাগরেণু একই ফুলে অথবা একই জাতের অন্য ফুলের গর্ভমুণ্ডে স্থানান্তরিত হওয়াকে পরাগায়ন বলে।
- খ. ফুলের বিভিন্ন অংশকে রক্ষা করার জন্য ফুলের বৃতির প্রয়োজন। ফুলের সবচেয়ে বাইরের স্তবককে বৃতি বলে। বৃতি ফুলের অন্য অংশগুলোকে বিশেষত কুঁড়ি অবস্থায় রোদ, বৃষ্টি ও পোকামাকড় থেকে রক্ষা করে। এ জন্যই ফুলের বৃতির প্রয়োজন।
- গ. রিমির দেখা ফুলটি হলো সরিষা। এর পরাগায়ন কীটপতঙ্গের মাধ্যমে হয়। কাজেই এতে পতঙ্গপরাগী ফুলের অভিযোজন সংঘটিত হয়ে থাকে।
- পরাগায়নের মাধ্যমগুলোর সাহায্য পেতে ফুলের গঠনে কিছু পরিবর্তন লক্ষ করা যায়। একে অভিযোজন বলা হয়। বিভিন্ন মাধ্যমের জন্য অভিযোজনগুলোও আলাদা।
- সরিষা ফুলের অভিযোজন নিম্নরূপ হয়ে থাকে।
১. ফুল বড়, রঙিন ও মধুস্থিযুক্ত।
  ২. পরাগরেণু ও গর্ভমুণ্ড আঁঠালো ও সুগন্ধযুক্ত।
- উপরিউক্ত অভিযোজনের কারণেই রিমির দেখা ফুলগুলোতে নানা রকমের কীটপতঙ্গ আকৃষ্ট হয় এবং পরাগায়নে সাহায্য করে।
- ঘ. রিমির দেখা প্রক্রিয়াটি হলো পরাগায়ন। ফল ও বীজ উৎপাদনে এ প্রক্রিয়াটির গুরুত্ব অপরিসীম।
- পরাগায়নের ফলে পরাগরেণু গর্ভমুণ্ডে স্থানান্তরিত হয়। গর্ভাশয়ে ডিম্বকের ভেতরে ঋণখলিতে স্ত্রীগ্যামেট বা ডিম্বাণু উৎপন্ন হয়। পরাগরেণুতে সৃষ্ট পুংগ্যামেট স্ত্রীগ্যামেটের সঙ্গে মিলিত হয়। একে বলে নিষেক ক্রিয়া বা নিষিক্তকরণ প্রক্রিয়া।
- নিষিক্তকরণ প্রক্রিয়া শেষ হলেই ফল গঠনের প্রক্রিয়া শুরু হয়। নিষিক্তকরণ প্রক্রিয়া গর্ভাশয়ে যে উদ্ভীপনার সৃষ্টি করে তার কারণেই ধীরে ধীরে গর্ভাশয়টি ফলে পরিণত হয়। এর ডিম্বকগুলো বীজে রূপান্তরিত হয়।
- দেখা যাচ্ছে যে, ফল ও বীজ উৎপাদনের জন্য নিষিক্তকরণ প্রক্রিয়া অবশ্যই হতে হবে। আর নিষিক্তকরণ প্রক্রিয়া নির্ভর করে স্ত্রীস্তবকে পরাগরেণুর পরাগায়নের উপর।
- অতএব, উপরিউক্ত আলোচনা বিশ্লেষণ করে দেখা যায়, ফল ও বীজ উৎপাদনে রিমির দেখা প্রক্রিয়াটির অর্থাৎ পরাগায়নের গুরুত্ব অনস্বীকার্য।

### প্রশ্ন -৭ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলির উত্তর দাও :





- ক. জনন কাকে বলে? ১  
খ. পুষ্পমঞ্জুরী বলতে কী বুঝায়? ২  
গ. উদ্ভীপকে চ ও ছ অংশের বিবরণ দাও। ৩  
ঘ. উদ্ভীপকের 'জ' ফলে রূপান্তরিত হতে পারে কি? তোমার মতামত দাও। ৪

▶◀ ৭নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. যে জটিল প্রক্রিয়ায় জীব তার প্রতিক্রিয়া বা বংশধর সৃষ্টি করে তাকে জনন বলে।  
খ. সৃজনশীল ৪ (খ) নং উত্তর দেখ।  
গ. উদ্ভীপকে চ ও ছ অংশ যথাক্রমে ফুলের দলমণ্ডল বা পাপড়ি ও পুংকেশর। নিচে এদের বিবরণ দেওয়া হলো :

**দলমণ্ডল :** এটি বাইরের দিক থেকে দ্বিতীয় স্তবক। কতগুলো পাপড়ি মিলে দলমণ্ডল গঠন করে। এর প্রতিটি অংশকে পাপড়ি বা দলাংশ বলে। পাপড়িগুলো পরস্পর যুক্ত (যেমন-ধূতরা) অথবা পৃথক (যেমন-জবা) থাকতে পারে। এরা বিভিন্ন রঙের হয়।

দলমণ্ডল রঙিন হওয়ায় পোকামাকড় ও পশুপাখি আকর্ষণ করে ও পরাগায়ন নিশ্চিত করে। এরা ফুলের অন্য অংশগুলোকে রোদ, বৃষ্টি থেকে রক্ষা করে।

**পুষ্পবক বা পুংকেশর :** এটি ফুলের তৃতীয় স্তবক। এ স্তবকের প্রতিটি অংশকে পুংকেশর বলে। পুংকেশরের দণ্ডের ন্যায় অংশকে পুংদণ্ড এবং শীর্ষের খলির মতো অংশকে পরাগধানী বলে। পরাগধানীর মধ্যে পরাগরেণু উৎপন্ন হয়। পরাগরেণু থেকে পুং জননকোষ উৎপন্ন হয়। এরা সরাসরি জনন কাজে অংশগ্রহণ করে।

- ঘ. উদ্ভীপকের 'জ' ফলে রূপান্তরিত হতে পারে।  
জ হলো ফুলের গর্ভাশয়। গর্ভাশয়ের ভেতরে ডিম্বক সাজানো থাকে। ডিম্বকে স্ত্রী জননকোষ বা ডিম্বাণু সৃষ্টি হয়। এরা সরাসরি জনন কাজে অংশগ্রহণ করে। ডিম্বকের ভেতর জগৎখলিতে ডিম্বাণু উৎপন্ন হয়। এ ডিম্বাণুর সাথে পুংগ্যামেটের মিলনের মাধ্যমে নিষিক্তকরণ প্রক্রিয়া চলে।  
নিষিক্তকরণ প্রক্রিয়া শেষ হলেই ফল গঠনের প্রক্রিয়া শুরু হয়। এ প্রক্রিয়া গর্ভাশয়ে যে উদ্ভীপনার সৃষ্টি করে তার কারণে ধীরে ধীরে গর্ভাশয়টি ফলে পরিণত হয়। এর ডিম্বকগুলো বীজে রূপান্তরিত হয়। অর্থাৎ নিষিক্তকরণের পর গর্ভাশয় এককভাবে অথবা ফুলের অন্যান্য অংশসহ পরিপুষ্ট হয়ে যে অঙ্গ গঠন করে তাকেই ফল বলে।  
অতএব, উপরিউক্তি আলোচনার পরিপ্রেক্ষিতে আমার মতামত হলো উদ্ভীপকের জ অংশ বা গর্ভাশয় ফলে রূপান্তরিত হতে পারে।

**প্রশ্ন -৮ ▶** নিচের উদ্ভীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

জনাব রফিক একদিন ক্লাসে রূপান্তরিত কাণ্ড পড়ানোর সময় ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বাস্তব উপকরণ দেখাচ্ছিলেন। উপকরণ হিসেবে তিনি আলু ও আদা দেখালেন।




- ক. প্রজনন কত প্রকার? ১  
খ. যৌগিক ফল বলতে কী বুঝায়? ২  
গ. জনাব রফিকের দেখানো প্রথম উপকরণটি কীভাবে প্রজনন সম্পূর্ণ করে?—ব্যাখ্যা কর। ৩  
ঘ. “উপকরণ দুইটিতে একই অঙ্গ প্রজনন ঘটলেও এদের বৃদ্ধি পদ্ধতি ভিন্ন।”—উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

▶◀ ৮নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. প্রজনন দুই প্রকার।  
খ. একটি মঞ্জুরীর সম্পূর্ণ অংশ যখন একটি ফলে পরিণত হয় তখন তাকে যৌগিক ফল বলে।  
কাণ্ডের শীর্ষমুকুল বা কাম্বিক মুকুল থেকে উৎপন্ন একটি শাখায় ফুলগুলো বিশেষ নিয়মে সাজানো থাকে। ফুলসহ এই শাখাকে মঞ্জুরী বলে। পরাগায়নের পরে এই সম্পূর্ণ মঞ্জুরী একটি ফলে পরিণত হলে তাকে যৌগিক ফল বলা হয়।  
গ. জনাব রফিকের দেখানো প্রথম উপকরণটি হলো আলু যা রূপান্তরিত কাণ্ডের মাধ্যমে প্রজনন সম্পূর্ণ করে।  
আলু একটি রূপান্তরিত কাণ্ড যার নাম টিউবার। এর মাটির নিচের শাখার অগ্রভাগে খাদ্য সঞ্চয়ের ফলে স্ফীত হয়ে কন্দের সৃষ্টি করে, এদের টিউবার বলে। ভবিষ্যতে এ কন্দ জননের কাজ করে। কন্দের গায়ে ক্ষুদ্র ক্ষুদ্র গর্ত থাকে। এগুলো দেখতে চোখের মতো তাই এদের চোখ বলা হয়। একটা চোখের মধ্যে একটি কুঁড়ি থাকে। আঁশের মতো অসবুজ পাতার (শঙ্কপত্র) কক্ষে এসব কুঁড়ি জন্মে। প্রতিটি চোখ থেকে একটি স্বাধীন উদ্ভিদের জন্ম হয়।  
অতএব, উপরিউক্ত প্রক্রিয়ায় জনাব রফিকের দেখানো প্রথম উপকরণ অর্থাৎ আলু প্রজনন সম্পূর্ণ করে।  
ঘ. “উপকরণ দুইটিতে একই অঙ্গ প্রজনন ঘটলেও এদের বৃদ্ধি পদ্ধতি ভিন্ন”— উক্তিটি যথার্থ।  
কিছু কাণ্ডে অবস্থান ও বাইরের চেহারা দেখে তাদের কাণ্ড বলে মনেই হয় না। এরা পরিবর্তিত কাণ্ড। বিভিন্ন প্রতিকূলতায় খাদ্য সঞ্চয়ে অথবা অঙ্গ জননের প্রয়োজনে এরা পরিবর্তিত হয়। যেমন : জনাব রফিকের দেখানো আলু ও আদা। এ দুটিতেই স্বাভাবিক নিয়মেই অঙ্গ প্রজনন দেখা যায়। অর্থাৎ এরা প্রাকৃতিক অঙ্গ প্রজনন ঘটায়। আবার উভয় উদ্ভিদে প্রজনন ঘটে একই অঙ্গের মাধ্যমে এবং সেটি হলো কাণ্ড। অর্থাৎ দুটি উপকরণই রূপান্তরিত কাণ্ডের মাধ্যমে অঙ্গ প্রজনন ঘটায়। কিন্তু এদের বৃদ্ধি পদ্ধতি ভিন্ন।

আলুর প্রজনন ও বৃদ্ধির মাধ্যম হলো টিউবার। অন্যদিকে আদার রূপান্তরিত কাণ্ডকে বলা হয় রাইজোম। এরা মাটির নিচে সমান্তরালভাবে অবস্থান করে। এদের পর্ব, পর্বসন্ধি স্পষ্ট। পর্বসন্ধিতে শঙ্কপত্রের কক্ষে কাস্কিক মুকুল জন্মে। এরাও খাদ্য সঞ্চয় করে মোটা ও রসাল হয়। এর বৃদ্ধি পদ্ধতি আলুর মতো নয় বরং ভিন্ন। উপরিউক্ত আলোচনার প্রেক্ষিতে বলা যায় যে, জনাব রফিকের “উপকরণ দুইটিতে একই অঙ্গ প্রজনন ঘটলেও এদের বৃদ্ধি পদ্ধতি ভিন্ন”-উক্তিটি সম্পূর্ণ যুক্তিযুক্ত বলেই যথার্থ।

**প্রশ্ন -৯ ▶** নিচের চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. পরাগরেণু কোথায় উৎপন্ন হয়? ১  
খ. অঙ্কুরোদগম বলতে কী বুঝায়? ২  
গ. চিত্রে অনুপস্থিত স্তবকটির বর্ণনা দাও। ৩  
ঘ. উদ্ভীপকে অ অংশটি উদ্ভিদের বংশ বিস্তারে কী ভূমিকা রাখে বিশ্লেষণ কর। ৪

▶▶ ৯নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. পরাগরেণু উৎপন্ন হয় পরাগধানীর মধ্যে।  
খ. সৃজনশীল প্রশ্ন ২ (খ) নং উত্তর দেখ।



### অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন -১০ ▶** নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

চ	গঁপড়ৎ, চবহরপরষষরঁস
ছ	আলু, আদা
জ	লেবু, আম

- ক. পুষ্পমঞ্জুরী কাকে বলে? ১  
খ. ছোলা বীজে কোন ধরনের অঙ্কুরোদগম হয় ব্যাখ্যা কর। ২  
গ. চ চিহ্নিত উদ্ভিদগুলোর প্রজনন পদ্ধতি ব্যাখ্যা কর। ৩  
ঘ. ছ ও জ চিহ্নিত উদ্ভিদগুলোর উন্নত গুণ বজায় রাখা কি প্রজনন প্রক্রিয়ায় সম্ভব? তোমার মতামত দাও। ৪

▶▶ ১০নং প্রশ্নের উত্তর ▶▶

গ. চিত্রে দলমণ্ডল স্তবকটি অনুপস্থিত।

দলমণ্ডল বাইরের দিক থেকে দ্বিতীয় স্তবক। কতকগুলো পাপড়ি মিলে দলমণ্ডল গঠন করে। এর প্রতিটি অংশকে পাপড়ি বা দলাংশ বলে। পাপড়িগুলো পরস্পরযুক্ত অথবা পৃথক থাকতে পারে। এরা বিভিন্ন রঙের হয়। দলমণ্ডল রঙিন হওয়ায় পোকামাকড় ও পশুপাখি আকর্ষণ করে ও পরাগায়ন নিশ্চিত করে। এরা ফুলের অন্য অংশগুলোকে রোদ, বৃষ্টি হতে রক্ষা করে।

ঘ. উদ্ভীপকের অ অংশটি হলো স্ত্রীস্তবক বা গর্ভকেশর যা উদ্ভিদের বংশ বিস্তারে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

গর্ভকেশর এক বা একাধিক গর্ভপত্র নিয়ে গঠিত হয়। এর তিনটি অংশ থাকে। গর্ভাশয়, গর্ভদণ্ড, গর্ভমুণ্ড, গর্ভাশয়ের ভেতর ডিম্বক সাজানো থাকে। ডিম্বকে থাকে ডিম্বাণু। এরা সরাসরি জনন কাজে অংশ নেয়। এরা পুংগ্যামেটের সঙ্গে মিলিত হয়ে নিষেকের সৃষ্টি করে। পরাগায়নের ফলে পরাগরেণু গর্ভমুণ্ডে স্থানান্তরিত হয়। পুংগ্যামেটের সাথে স্ত্রী গ্যামেটের মিলন হয়। গৌণ নিউক্লিয়াসের সাথে আরেকটি পুংগ্যামেটের মিলন হলে শস্যকণা উৎপন্ন হয়।

নিষিক্তকরণের প্রক্রিয়া গর্ভাশয়ে যে উদ্ভীপনার সৃষ্টি করে তার কারণে গর্ভাশয়টি ধীরে ধীরে ফলে পরিণত হয়। এর ডিম্বকগুলো বীজে রূপান্তরিত হয়।

এভাবে বীজ সৃষ্টির মাধ্যমে অ অংশটি বা গর্ভকেশর উদ্ভিদের বংশবিস্তার ভূমিকা রাখে।



ক. কাণ্ডের শীর্ষমুকুল বা কাস্কিক মুকুল থেকে উৎপন্ন যে শাখায় ফুলগুলো বিশেষ একটি নিয়মে সাজানো থাকে তাকে পুষ্পমঞ্জুরী বলে।

খ. ছোলা বীজে মৃদগত অঙ্কুরোদগম হয়।

ছোলা বীজের বীজপত্র মাটির নিচে অবস্থান করে এবং ভ্রূণকাণ্ড মাটি ভেদ করে উপরে উঠে আসে। বীজপত্রটি মাটির ভেতরে থেকে যাওয়ায় মৃদগত অঙ্কুরোদগম ঘটে।

গ. চ চিহ্নিত উদ্ভিদগুলো হলো গঁপড়ৎ এবং চবহরপরষষরঁস এ উদ্ভিদগুলোর প্রজনন হয় অযৌন প্রক্রিয়ায় তথা স্পোর উৎপাদনের মাধ্যমে।

গঁপড়ৎ অণুবীজ উৎপাদনের মাধ্যমে প্রজনন করে। এ পদ্ধতিতে দেহকোষ পরিবর্তিত হয়ে অণুবীজবাহী একটি অঙ্গের সৃষ্টি করে যা অণুবীজ খলি। একটি অণুবীজ খলিতে অসংখ্য অণুবীজ থাকে। অণুবীজ খলির বাইরেও উৎপন্ন হয় যা বহিঃঅণুবীজ বা কনিডিয়াম নামে পরিচিত। চবহরপরষষরঁস ও কনিডিয়া সৃষ্টির মাধ্যমে বংশ বৃদ্ধি করে।

তাই বলা যায় যে, চ চিহ্নিত গঁপড়ৎ এবং চবহরপরষষরঁস উদ্ভিদ দুটি অযৌন প্রজনন পদ্ধতিতে স্পোর উৎপন্ন করে বংশ বৃদ্ধি করে।

ঘ. উদ্ভীপকে ছ চিহ্নিত উদ্ভিদগুলো হলো আলু, আদা এবং জ চিহ্নিত উদ্ভিদগুলো হলো লেবু ও আম। আলু ও আদা রূপান্তরিত কাণ্ড তথা অঙ্গজ প্রজননের মাধ্যমে বংশ বৃদ্ধি করে। অঙ্গজ প্রজননের মাধ্যমে এদের উন্নত গুণ বজায় থাকে।

আলু ও আদা মাটির নিচের শাখার অগ্রভাগে খাদ্য সঞ্চয়ের কারণে ফুলে কন্দের সৃষ্টি করে। আলুর কন্দের গায়ে ক্ষুদ্র ক্ষুদ্র গর্তের মতো চোখ থাকে যার মধ্যে কুঁড়ি জন্ম নেয়। এই চোখ থেকেই আলু গাছ হয়। আদার জন্ম হয় রাইজোম থেকে। অপরদিকে লেবু ও আমের কলম থেকে মূল গজিয়ে নতুন চারা জন্ম নেয়। মূলসহ শাখার অংশটি মাটিতে রোপণ করে নতুন উদ্ভিদে প্রজনন ঘটানো যায়।

এ প্রক্রিয়ায় নতুন গাছের ফুল ও ফলে মাতৃগাছের গুণাগুণ বজায় থাকে। তাড়াতাড়ি ফুল ও ফল ধরে।

উপরিউক্ত আলোচনা থেকে বলা যায় যে, উক্ত উদ্ভিদগুলোর প্রজনন প্রক্রিয়ায় উন্নত গুণ বজায় রাখা সম্ভব।

#### প্রশ্ন -১১ ▶ নিচের উদ্ভীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

জনাব রাফাত লিচুর বাগান করতে গিয়ে অযৌন পদ্ধতি অনুসরণ করলেন। তিনি অধিক ফলন পেতে বাগানে কয়েকটি মৌবক্স স্থাপন করে দিলেন।

- ক. রসাল ফল কাকে বলে? ১
- খ. জমিতে আলু ছোট টুকরা করে লাগানো হয় কেন? ২
- গ. জনাব রাফাত লিচুর বাগান করার জন্য অযৌন পদ্ধতি কেন অনুসরণ করলেন? ব্যাখ্যা কর। ৩
- ঘ. রাফাত সাহেবের বাগানে মৌবক্স স্থাপন লিচুর ফলন বাড়াতে ভূমিকা রাখবে কিনা ব্যাখ্যা কর। ৪

#### ▶ ১১নং প্রশ্নের উত্তর ▶

ক. যে ফলের ফলতুক পুরু এবং রসযুক্ত তাকে রসাল ফল বলে।

খ. আলু একটি ভূনিষ্স্থ রূপান্তরিত কাণ্ড যার নাম টিউবার। এর গায়ে ক্ষুদ্র ক্ষুদ্র গর্ত থাকে এবং এই গর্তে মুকুল থাকে যা থেকে নতুন উদ্ভিদের জন্ম দেয়। তাই, জমিতে আলু লাগানোর সময় আলুকে মুকুলসহ ছোট ছোট টুকরা করে লাগানো হয় যাতে একটি আলু থেকে অনেক আলু গাছ হয়।

গ. জনাব রাফাত উন্নত গুণসম্পন্ন লিচুর ফলন পেতে অযৌন পদ্ধতি অনুসরণ করলেন। এজন্য তিনি কৃত্রিম অঙ্গজ জনন বেছে নেন। অযৌন প্রজনন পদ্ধতির কৃত্রিম অঙ্গজ প্রজনন পদ্ধতিতে উৎপন্ন উদ্ভিদ সবসময় মাতৃ উদ্ভিদের গুণসম্পন্ন হয় এবং ফলন দ্রুত হয়। কৃত্রিম অঙ্গজ প্রজননে কলম দ্বারা মাতৃ উদ্ভিদ থেকে নতুন উদ্ভিদ উৎপন্ন করা যায়।

তাই রাফাত সাহেব ভালো জাতের লিচু পাওয়ার জন্য এবং যাতে দ্রুত ফল পেতে পারেন তার জন্য অযৌন প্রজনন পদ্ধতি অবলম্বন করেছেন।


ঘ. রাফাত সাহেবের বাগানে মৌবক্স স্থাপন লিচু গাছের ফুলগুলোর পরাগায়নে ও লিচুর ফলন বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

উদ্ভিদ প্রজননের অন্যতম ধাপ হচ্ছে পরাগায়ন। ফুলের পরাগধানী থেকে পরাগরেণু গর্ভমুণ্ডে স্থানান্তরিত হওয়াই হলো পরাগায়ন। যে পরাগ বহন করে গর্ভমুণ্ডে পর্যন্ত নিয়ে যায় তাকে পরাগায়নের মাধ্যম বলে। এরকম অন্যতম একটি মাধ্যম হলো মৌমাছি।

মৌমাছি লিচুর ফুলে ফুলে ঘুরে বেড়ায়। সে সময় লিচু ফুলের পরাগরেণু মৌমাছির গায়ে লেগে যায়। এই মৌমাছি যখন অন্য ফুলে গিয়ে বসে তখন পরাগরেণু পরবর্তী ফুলের গর্ভমুণ্ডে লেগে যায়। ফলে পরাগায়ন ঘটে। বাগানে মৌবক্স স্থাপন করার মাধ্যমে অধিক সংখ্যক মৌমাছির উপস্থিতি নিশ্চিত হবে। এতে করে পরাগায়নের কাজটি সার্থকভাবে সম্পন্ন হওয়ায় দ্রুত ও অধিক ফলনের নিশ্চয়তা পাওয়া যাবে।

অতএব, উপরিউক্ত আলোচনার প্রেক্ষিতে বলা যায়, রাফাত সাহেবের বাগানে মৌবক্স স্থাপন লিচুর ফলন বাড়াতে ভূমিকা রাখবে।

#### প্রশ্ন -১২ ▶ নিচের চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. নিষিক্তকরণের পূর্বশর্ত কী? ১
- খ. টেঁড়সকে নীরস ফল বলা হয় কেন? ২
- গ. উদ্ভীপকে  $\otimes$  চিত্রের পরাগায়ন ব্যাখ্যা কর। ৩
- ঘ. চিত্রের কোন প্রকার পরাগায়নের জন্য মাধ্যম অত্যাবশ্যক- যুক্তি দাও। ৪

#### ▶ ১২নং প্রশ্নের উত্তর ▶

ক. নিষিক্তকরণের পূর্বশর্ত হলো জননকোষ সৃষ্টি।

খ. যেসব ফলের ফলতুক পাতলা এবং ফল পরিপক্ব হলে তুক শুকিয়ে ফেটে যায়, তাকে নীরস ফল বলে। টেঁড়স এমনই একটি ফল। তাই একে নীরস ফল বলা হয়।

গ. উদ্ভীপকের অ চিত্রের পরাগায়ন স্বপরাগায়ন। একই ফুলে বা একই গাছের দুটি ভিন্ন ফুলের মধ্যে যখন পরাগায়ন ঘটে, তখন তাকে স্বপরাগায়ন বলা হয়।

$\otimes$  চিত্রে একই ফুলের মধ্যে পরাগায়ন সংঘটিত হয়েছে। তাই  $\otimes$  চিত্রে সংঘটিত পরাগায়ন হচ্ছে স্বপরাগায়ন। এক্ষেত্রে কোনো বাহক বা মাধ্যমের প্রয়োজন হয় না।




ঘ. উদ্ভীপকে উল্লেখিত  $\text{A}$  এবং  $\text{B}$ ই পরাগায়নদ্বয়ের মধ্যে  $\text{B}$ ই পরাগায়নের জন্য মাধ্যম অত্যাৱশ্যক।

উদ্ভীপক চিত্রের  $\text{A}$  ও  $\text{B}$  দ্বারা যথাক্রমে স্বপরাগায়ন ও পর-পরাগায়নকে বুঝায়। স্বপরাগায়ন একই ফুলে বা একই গাছের দুটি ভিন্ন ফুলের মধ্যে ঘটে।

অপরদিকে, পরপরাগায়ন একই প্রজাতির দুটি ভিন্ন উদ্ভিদের ফুলের মধ্যে ঘটে। যেহেতু দুটি ভিন্ন উদ্ভিদের ফুলের মধ্যে পরপরাগায়ন ঘটে তাই এখানে মাধ্যম প্রয়োজন হয়। এ মাধ্যমই পরাগরেণু বহন করে অন্য ফুলের গর্ভমুণ্ডে নিয়ে যায়। বায়ু, পানি, কীটপতঙ্গ, পাখি, বাদুড়, শামুক এমনকি মানুষও পরপরাগায়নের মাধ্যম হিসেবে কাজ করে থাকে।

এভাবে পরাগায়নের কাজটি সম্পন্ন হয়। তাই বলা যায় যে  $\text{B}$ ই চিত্রে পরপরাগায়নের জন্য মাধ্যম অত্যাৱশ্যক।

**প্রশ্ন -১৩ ▶** নিচের চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. ফুলের পরাগরেণু কোথায় থাকে? ১  
খ. ফুলের পরাগধানী কেটে ফেললে কী হবে? ২  
গ. উদ্ভীপকের  $\text{A}$ ,  $\text{B}$  ও  $\text{C}$ -তে কী ধরনের পরাগায়ন ঘটেছে- ব্যাখ্যা কর। ৩  
ঘ. সার্থক পরাগায়নের জন্য  $\text{A}$  অপেক্ষা  $\text{B}$  অধিকতর সুবিধাজনক কেন তা ব্যাখ্যা কর। ৪

▶▶ ১৩নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. ফুলের পরাগরেণু পুংকেশরের পরাগধানীতে থাকে।  
খ. ফুলের পরাগধানী কেটে ফেললে উদ্ভিদের বংশবৃদ্ধি হবে না। পুংকেশকের দণ্ডের ন্যায় অংশকে পুংদণ্ড এবং শীর্ষের খলির মতো অংশকে পরাগধানী বলে। পরাগধানীর মধ্যে পরাগরেণু উৎপন্ন হয়। পরাগরেণু থেকে পুং জননকোষ উৎপন্ন হয়। এরা সরাসরি জনন কাজে অংশগ্রহণ করে।  
তাই এ অংশটি কেটে ফেললে পুংজনন কোষ উৎপন্ন হবে না। এতে নতুন উদ্ভিদের জন্ম হবে না।  
গ. উদ্ভীপকের  $\text{A}$  ও  $\text{B}$ -তে স্বপরাগায়ন আর  $\text{B}$ -তে পরপরাগায়ন ঘটেছে।  
অ তে একই গাছের ভিন্ন দুটি ফুলের মধ্যে এবং  $\text{B}$  তে একই ফুলের মধ্যে পরাগায়ন ঘটেছে। এক্ষেত্রে কীট-পতঙ্গ বা পাখি মাধ্যম হিসেবে


কাজ করেছে। একই ফুলে বা একই গাছের ভিন্ন দুটি ফুলের মধ্যে যখন পরাগায়ন ঘটে, তাকে স্বপরাগায়ন বলে। সুতরাং  $\text{A}$  ও  $\text{B}$  তে স্বপরাগায়ন ঘটেছে।

$\text{B}$  তে একই প্রজাতির দুটি ভিন্ন উদ্ভিদের ফুলের মধ্যে পরাগায়ন ঘটেছে। এক্ষেত্রেও কীট-পতঙ্গ বা পাখি মাধ্যম হিসেবে কাজ করেছে। একই প্রজাতির দুটি ভিন্ন উদ্ভিদের ফুলের মধ্যে যখন পরাগরেণু সংযোগ ঘটে, তাকে পরপরাগায়ন বলে। সুতরাং,  $\text{B}$  তে পরপরাগায়ন ঘটেছে।

ঘ.  $\text{A}$  ও  $\text{B}$  উভয়ই স্বপরাগায়ন পদ্ধতি। তবে সার্থক পরাগায়নের জন্য  $\text{A}$  অপেক্ষা  $\text{B}$  অধিকতর সুবিধাজনক কারণ-

- এখানে পরাগায়ন অনেকটা নিশ্চিত।
- একই ফুলের ( $\text{B}$ ) পরাগরেণু একই ফুলের গর্ভমুণ্ডে স্থানান্তরিত হওয়ার জন্য তেমন কোনো বাহকের প্রয়োজন হয় না।
- পরাগরেণু খুব কম নষ্ট হয়।
- পরাগায়নের জন্য বাহকের ওপর খুব বেশি নির্ভর করতে হয় না। উপরিউক্ত কারণে সার্থক পরাগায়নের জন্য  $\text{A}$  অপেক্ষা  $\text{B}$  অধিকতর সুবিধাজনক।

**প্রশ্ন -১৪ ▶** নিচের চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. পরাগধানী কী? ১  
খ. স্পোর ও বীজের মধ্যে দুটি পার্থক্য লেখ। ২  
গ. চ অংশটি না থাকলে কী ঘটবে ব্যাখ্যা কর। ৩  
ঘ. ছ চিহ্নিত অংশটি কীভাবে প্রজাতিকে রক্ষা করে যুক্তিসহ তোমার মতামত ব্যক্ত কর। ৪

▶▶ ১৪নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. পুংকেশরের শীর্ষে খলির মতো অংশই পরাগধানী।  
খ. স্পোর ও বীজের মধ্যে দুটি পার্থক্য হলো :

স্পোর	বীজ
১. স্পোর এককোষী।	১. বীজ বহুকোষী
২. স্পোর অণুবীজ খলির মধ্যে উৎপন্ন হয়।	২. গর্ভাশয়ের ডিম্বক থেকে বীজ উৎপন্ন হয়।

- গ. চ অংশটি হলো ফুলের পুংস্তবক যা না থাকলে উদ্ভিদের পরাগায়ন ঘটবেই না।  
পুংস্তবকের অংশগুলোকে পুংকেশর বলে। এটি ফুলের অন্যতম অত্যাৱশ্যকীয় অঙ্গ। পুংকেশরের দুটি অংশ- পুংদণ্ড ও পরাগধানী।

পরাগধানীর অভ্যন্তরে পরাগরেণু উৎপন্ন হয়। আমরা জানি, ফুলের পরাগধানী থেকে পরাগরেণু একই ফুলের বা একই প্রজাতির অন্যফুলের গর্ভমুণ্ডে পতিত হওয়ার প্রক্রিয়াকে পরাগায়ন বলে। সুতরাং পরাগায়নের জন্য পরাগরেণু অত্যাবশ্যিক। কিন্তু ফুলে যদি পুংস্তবকই না থাকে তবে পরাগরেণু উৎপন্ন হবে না এবং পরাগায়ন সংঘটিত হবে না। সুতরাং চিত্রের চ অনুপস্থিত থাকলে পরাগায়ন ঘটবে না।


ঘ. চিত্রের ছ চিহ্নিত অংশটি হলো গর্ভাশয় যা ফল ও বীজ উৎপাদনের মাধ্যমে প্রজাতিকে রক্ষা করে।

গর্ভাশয়ের অভ্যন্তরে ডিম্বক থাকে। ডিম্বকের মধ্যে স্ত্রী প্রজনন কোষ বা ডিম্বাণু সৃষ্টি হয়। এই ডিম্বাণুই সরাসরি জনন কাজে অংশগ্রহণ করে।

পরাগায়নের মাধ্যমে গর্ভমুণ্ডে পরাগরেণু পতিত হলে সেখান থেকে শুক্রাণু জগৎখালিতে প্রবেশ করে এবং ডিম্বাণুর সাথে মিলিত হয়ে নিষেক ক্রিয়া সম্পন্ন করে। নিষেকের মাধ্যমে যৌন জনন সম্পন্ন হয়। এর ফলে জগৎ, বীজ ও ফল সৃষ্টি হয়। বীজ অঙ্কুরিত হয়ে নতুন চারা গাছ জন্মায়। এভাবে প্রজাতির ধারা বজায় রাখে।

সুতরাং বলা যায়, গর্ভাশয়ের ভিতরে যে বীজ উৎপন্ন হয় তা থেকে ঐ প্রজাতির চারা উদ্ভিদ জন্মায়। এভাবে চিত্রের ছ চিহ্নিত অংশটি প্রজাতিকে রক্ষা করে।

**প্রশ্ন -১৫ ▶** নিচের চিত্র দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. ফল কাকে বলে? ১
- খ. নিষেকের পর ফুলের কী পরিবর্তন ঘটে? ২
- গ. ক, খ ও গ ফলগুলোর মধ্যে দুটি পার্থক্য উল্লেখ কর। ৩
- ঘ. গ ফলটি একটি অর্ধকরী ফল-এর পক্ষে তোমার যুক্তি দাও। ৪

▶▶ ১৫নং প্রশ্নের উত্তর ▶▶

ক. নিষিক্তকরণের পর ফুলের গর্ভাশয় এককভাবে অথবা ফুলের অন্যান্য অংশসহ পরিপুষ্ট হয়ে যে অঙ্গ গঠন করে তাকে ফল বলে।

খ. নিষেকের পর ফুলের গর্ভাশয়ে উদ্ভীপনা সৃষ্টি হয়। এতে ফুলের দল বা পাপড়িগুলো ঝরে পড়ে এবং গর্ভাশয়টি ফলে রূপান্তরিত হয়। একই সাথে গর্ভাশয়ের ভেতরে ডিম্বকগুলো বীজে পরিণত হয়।

গ. ক, খ ও গ ফলগুলো হলো যথাক্রমে আম, আতা ও কাঁঠাল। এদের মধ্যে দুটি পার্থক্য নিম্নরূপ :

আম (ক)	আতা (খ)	কাঁঠাল (গ)
(র) এটি সরল ফল।	(র) এটি গুচ্ছ ফল।	(র) এটি যৌগিক ফল।
(রর) একটিমাত্র গর্ভাশয় থেকে উৎপন্ন হয়েছে।	(রর) অনেকগুলো গর্ভাশয়ের প্রতিটি গর্ভাশয় ফলে পরিণত হয়েছে।	(রর) একটি মঞ্জুরীর সম্পূর্ণতা ফলে পরিণত হয়েছে।

ঘ. চিত্রের গ ফলটির নাম কাঁঠাল যা একটি অর্ধকরী ফল।

একটি কাঁঠাল গাছে বছরে অনেক ফল হয়। ফলের আকার অনুসারে এটি বিভিন্ন দামের হয়। গৃহস্থ প্রতিবছর ফল বিক্রয় করে লাভবান হয়। কাঁঠালের ফল খাওয়ার পর এর বীজটিও পুষ্টিকর যা তরকারি হিসেবে খাওয়া যায়। এছাড়া এই ফলগাছের কাঠও মূল্যবান। এর কাঠ দিয়ে আসবাবপত্র ও দরজা করা হয়। এ জন্য এই ফলটি এবং এর গাছ অর্ধকরী।



## সৃজনশীল প্রশ্নব্যংক



প্রশ্ন -১৬ ▶



- ক. টেস্টা কাকে বলে? ১  
খ. কাটিং পদ্ধতি ব্যাখ্যা কর। ২  
গ. ী অংশটি ব্যবহার করে একটি আদর্শ ফুলের চিহ্নিত চিত্র অঙ্কন কর। ৩  
ঘ. উদ্ভিদের বংশ বিস্তারী অংশটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

প্রশ্ন -১৭ ▶ র. ছোলা, রর. কেওড়া, ররর. কুমড়া-বিভিন্ন ধরনের বীজ।

- ক. প্রকৃত ফল কাকে বলে? ১  
খ. পরাগায়নের মাধ্যম বলতে কী বোঝ? ২  
গ. উপরে উল্লিখিত র নং বীজের বিভিন্ন অংশের চিহ্নিত চিত্র আঁক। ৩  
ঘ. উপরের র ও ররর নং বীজের অঙ্কুরোদগম প্রক্রিয়া একই কিনা মতামত দাও। ৪



## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর



□ শূন্যস্থান পূরণ-----//

- প্রজনন প্রধানত দুই রকম, — ও —।
- যখন একটি মাত্র গর্ভাশয় ফলে পরিণত হয় তখন তাকে — ফল বলে।
- যে ফুলে — টি অংশ থাকে তাকে সম্পূর্ণ ফুল বলে।
- পরাগায়ন দু'ধরনের — ও —।
- একটি সম্পূর্ণ পুষ্পমঞ্জরী ফলে পরিণত হলে তাকে — ফল বলে।
- ডিম্বক পরিণত ফলের — পরিণত হয়।

উত্তর : ১. যৌন, অযৌন; ২. সরল; ৩. পাঁচ; ৪. স্বপরাগায়ন, পরপরাগায়ন; ৫. যৌগিক; ৬. বীজে।

□ সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন-----//

প্রশ্ন ১ ১ অযৌন প্রজনন উদ্ভিদের জন্য গুরুত্বপূর্ণ কেন?



## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর




□ জ্ঞানমূলক-----//

প্রশ্ন -১৮ ▶

শাহজাহান আলী একজন চাষি। গত বছর সে কলম করে লিচু বাগান থেকে ভালো ফলন পেয়েছে। কিন্তু এ বছর বাগানের গাছে মুকুল আসার পর পোকামাকড় ও কীটপতঙ্গ দমনের জন্য এক ধরনের জাল ব্যবহার করেন। কিন্তু ফলন আসার পর দেখলেন গত বছরের তুলনায় এ বছর কম ফলন হয়েছে।

- ক. বুলবিল কী? ১  
খ. ফলের গুরুত্ব ব্যাখ্যা কর। ২  
ঘ. উদ্ভিদের বংশ বিস্তারে শাহজাহান আলীর গত বছর ব্যবহৃত পদ্ধতির গুরুত্ব ব্যাখ্যা কর। ৩  
গ. গত বছরের তুলনায় এ বছর ফলন কম হওয়ার কারণ পর্যালোচনা কর। ৪

প্রশ্ন -১৯ ▶



- ক. আদর্শ ফুল কাকে বলে? ১  
খ. পতঙ্গ পরাগী ফুলের বৈশিষ্ট্যগুলো লেখ। ২  
গ. উদ্ভিদের প্রজননে গ ও ঘ এর কার্যকারিতা ব্যাখ্যা কর। ৩  
ঘ. চিত্রে ঘ অংশটি না থাকলে কী হতো? ব্যাখ্যা কর। ৪

উত্তর : অযৌন প্রজনন উদ্ভিদের জন্য গুরুত্বপূর্ণ কারণ—

- ক. এ ধরনের প্রজনন কেবলমাত্র একটি উদ্ভিদ দ্বারা ঘটে।  
খ. প্রতিকূল পরিবেশ কাটিয়ে উঠে জীবের সংখ্যা বৃদ্ধিতে অযৌন প্রজনন গুরুত্বপূর্ণ।  
গ. এ পদ্ধতিতে অল্প সময়ে অসংখ্য জীব উৎপন্ন হতে পারে এবং মাতৃজীবের মতো হয়।

প্রশ্ন ২ ২ আম গাছের কলম কেন করা হয়?

উত্তর : ভালো জাতের আম নিশ্চিত করার জন্য আম গাছের কলম করা হয়। কলম দ্বারা নতুন উদ্ভিদে মাতৃ উদ্ভিদের বৈশিষ্ট্য সংরক্ষিত থাকে। এছাড়া কলম করলে তাড়াতাড়ি ফল পাওয়া যায়।

প্রশ্ন ১ ১ অপুষ্পক উদ্ভিদে কেমন প্রজনন হয়?

উত্তর : অপুষ্পক উদ্ভিদে অযৌন প্রজনন হয়।

